

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd



স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.১২.০২১.২০১৭(পার্ট-১) ১০২

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৬।
১৫ সেপ্টেম্বর ২০২০।

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের সম্মিলিত পূর্ণাঙ্গ জ্যৈষ্ঠতা তালিকা সরকারি ওয়েবসাইটে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা-২০১৩, অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা-২০১৩ এবং নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী জ্যৈষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা-২০১১ আলোকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের সম্মিলিত পূর্ণাঙ্গ জ্যৈষ্ঠতা তালিকা উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক তৈরি করার পর স্বচ্ছতা নিশ্চিতে তা শিক্ষকদের অবগত হওয়া প্রয়োজন। এ প্রেক্ষিতে সম্মিলিত পূর্ণাঙ্গ জ্যৈষ্ঠতা তালিকা উপজেলা প্রশাসন, উপজেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সরকারি ওয়েব সাইটে প্রকাশ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, সহকারী শিক্ষকগণের সম্মিলিত পূর্ণাঙ্গ জ্যৈষ্ঠতা তালিকা উপজেলার সরকারি ওয়েবসাইট (upazila.district.gov.bd), উপজেলা শিক্ষা অফিসের ওয়েবসাইট (deo.upazila.district.gov.bd) ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের ওয়েবসাইট (dpe.district.gov.bd) প্রকাশপূর্বক আপন্তি গ্রহণ ও নিস্পত্তির জন্য নির্ধারিত সময় প্রদান করে আপন্তিসমূহ গ্রহণ ও নিস্পত্তির কেইসভিত্তিক প্রতিবেদনসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য যে, ইতোপূর্বে যে সকল উপজেলা শিক্ষা অফিসার, তথ্য প্রেরণ করেছেন, তাঁরাও ০২ এ বর্ণিত কার্যক্রম গ্রহণ ও প্রতিবেদন প্রেরণ করবেন।

(খালিদ আহমেদ)

মুগ্ধ-সচিব
পরিচালক (পলিসি ও অপারেশন)
ফোন ৫৫০৭৪৯১৮
ই-মেইল dpeadbibba@gmail.com

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

.....।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল) বিভাগ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৪. উপজেলা শিক্ষা অফিসার, সকল।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭. সংরক্ষণ নথি।